

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-১

নং-২০.০০.০০০০.৩০২.৩২.১২৬.১৩- ২৬৪

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
২২ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিষয়ঃ পরিকল্পনা বিভাগের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সহকারী প্রধান বেগম নুসরাত জাহান (পরিচিতি নং-০৬১০), এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) এর আওতায় চালুকৃত বিভাগীয় মামলার দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ।

দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি পরিকল্পনা বিভাগের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, বেগম নুসরাত জাহান (পরিচিতি নং-০৬১০) অনুমোদিত ছুটি শেষে ধারাবাহিকভাবে ৩১/১০/২০১৪ খ্রিঃ তারিখ থেকে সরকারী কর্মে অনুপস্থিত ছিলেন; এবং

যেহেতু পরিকল্পনা বিভাগের ০৩/১২/২০১৫ তারিখের নং ২০.৭০২.০৩২.০১.০২.২২৮.২০১৩-৪৭৯ স্মারকমূলে প্রেরিত পত্রে অননুমোদিত অনুপস্থিতির জন্য আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(সি) বিধি মোতাবেক আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০২/১৫ রুজু করা হয়; এবং


যেহেতু পরিকল্পনা বিভাগের ০৭/০৩/২০১৬ তারিখের নং ২০.৭০২.০৩২.০১.০২.২২৮.২০১৩-৯৩ স্মারকমূলে প্রেরিত অভিযোগনামার প্রেক্ষিতে কোন জবাব দাখিল না করার জন্য বিভাগীয় মামলাটি তদন্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

যেহেতু উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য অত্র মন্ত্রণালয়ের ০১/১১/২০১৬ তারিখের ২০.০০.০০০০.৩০২.৩২.৬১০.১৩-৪৭৪ সংখ্যক স্মারকের মাধ্যমে তদন্ত করার জন্য পরিকল্পনা বিভাগের উপ-সচিব জনাব জালাল উদ্দীন আহমদ হোসাইন-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদানুযায়ী তিনি বিভাগীয় মামলাটি তদন্ত করে প্রতিবেদন পেশ করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার নিকট আপনার বিরুদ্ধে আনীত ডিজারশনের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, উক্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট তথ্যাদি পর্যালোচনা করে আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(সি) বিধি অনুসারে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক আপনার উপর গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এক্ষণে, সেহেতু উক্ত ডিজারশনের জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩) (ডি) বিধি মোতাবেক কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত করা হবে না, তার কারণ বর্ণিত বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক অত্র পত্র প্রাপ্তির ৭ (সাত)টি কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট দর্শানোর জন্য আপনাকে নির্দেশ দেওয়া হলো।


(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব

বেগম নুসরাত জাহান (০৬১০)
সহকারী প্রধান
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ
শেরেবাংলা নগর, ঢাকা।

বর্তমান এবং স্থায়ী ঠিকানাঃ

পিতা-একে এম শাহজাহান
মাতা-নরুন্নাহার বেগম
১৬/১১ ইন্দিরা রোড, ফার্মগেট, ঢাকা-১২১৫।

অনুলিপিঃ

- ১। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ২। অফিস কপি।